গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়: আগষ্ট ২০২৪ মাসে অনুষ্ঠিত জেলা রাজস্ব সম্মেলনের কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক, কুড়িগ্রাম। |
| সভার তারিখ | : | ২৫ আগষ্ট, ২০২৪ খ্রি.। |
| সভার সময় | : | দুপুর ২.০০ ঘটিকা |
| সভার স্থান | : | সম্মেলনকক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম। |
| বিবেচ্য মাস | : | জুলাই, ২০২৪ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক'। |

সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অত:পর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। ২৮/০৭/২০২৪ তারিখ অনুষ্ঠিত মাসিক রাজস্ব গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে পর্যালোচনা করা হয়। অত:পর এ মাসের আলোচ্যসূচি মোতাবেক ধারাবাহিকভাবে নিম্নোক্ত বিষয়সমূহের উপর বিস্তারিত আলোচনা অনুষ্ঠিত হয় এবং সর্বসম্মতিক্রমে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি ১: **গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ**

সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। উপস্থিত সদস্যবৃন্দ গত সভার কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হয়েছে এবং কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনের প্রস্তাব নেই মর্মে অবহিত করেন। কার্যবিবরণীতে কোন সংযোজন,বিয়োজন বা সংশোধনের প্রস্তাব না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

আলোচ্য সূচি ২: **রাজস্ব সংস্থাপন সংক্রান্ত:**

সভায় এ জেলায় রাজস্ব প্রশাসনের বিভিন্ন স্তরে কর্মরত জনবল ও জেলা প্রশাসকের কার্যালয়, উপজেলা ভূমি অফিস এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহের শূন্যপদ সংক্রান্ত তথ্য অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব),কুড়িগ্রাম ছক আকারে উপস্থাপন করেন:

| অফিসের নাম | পদের নাম/শ্রেণি | মঞ্জুরীকৃত পদ | কর্মরত পদের সংখ্যা | শূন্য পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয়ের এস,এ শাখা | সহকারী প্রকৌশলী (১ম শ্রেণি) | ১ | ০ | ১ | |
| | উপ-সহকারী প্রকৌশলী | ১ | ০ | ১ | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ১ | ০ | ১ | |
| | ৩য় শ্রেণি | ১৪ | ২ | ১২ | ড্রাফটস্ম্যান,সার্ভেয়ার ও অফিস সহকারী পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১১ | ১১ | ০ | |
| জেলা প্রশাসকের কার্যালয়ের এল, এ শাখা | অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা (১ম শ্রেণী) | ১ | ০ | ১ | |
| | কানুনগো (২য় শ্রেণি) | ২ | ০ | ২ | |
| | ৩য় শ্রেণি | ৮ | ৩ | ৫ | অফিস সহকারী ও সার্ভেয়ার এর পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১২ | ৫ | ৭ | |
| উপজেলা ভূমি অফিস (৯)টি | সহকারী কমিশনার (ভূমি) | ৯ | ৬ | ৩ | ফুলবাড়ী ও রাজারহাট উপজেলায় পদ শূন্য |
| ,, | কানুনগো | ৯ | ০ | ৯ | ভূরুঙ্গামারী, রাজারহাট ও চিলমারী উপজেলায় সার্ভেয়ার পদ শূন্য |
| | সার্ভেয়ার | ৯ | ৬ | ৩ | |
| উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিস | ইউঃ ভূমি সহঃ কর্মকর্তা | ৭৪ | ৪০ | ৩৪ | পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য |
| | ইউঃ ভূমি উপ সহঃ কর্মকর্তা | ৭৪ | ৬৫ | ০৯ | |
| | ৩য় শ্রেণি | ৬৩ | ৩৪ | ২৯ | প্রধান সহকারী কাম হিসাব রক্ষক/অফিস সহকারী/সমপর্যায়ের পদ শূন্য |
| | ৪র্থ শ্রেণি | ১৯৩ | ১৭০ | ২৩ | প্রসেস সার্ভার,অফিস সহায়ক ও চেইনম্যান পদ শূন্য |

| **আলোচনা** | **সিদ্ধান্ত** | **বাস্তবায়ন** |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান এ কার্যালয়ের ১৬/১১/২০২৩ তারিখের ৩১.৪৭.৪৯০০.০০৬.০১.১২৩.১৯.১৬১৮ নম্বর স্মারকে অফিস সহকারী ও সমপর্যায়ের ৪৪ (চুয়াল্লিশ) টি পদের নিয়োগের ছাড়পত্রের জন্য ভূমি মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে ভূমি মন্ত্রণালয়ের স্মারক নং-৩১.০০.০০০০.০৪৬.১১. ০০৭.১৯.৬৩২, তারিখ: ২৭/১২/২০২৩ মোতাবেক ২০ (বিশ) টি পদের এবং ০৭/০৩/২০২৪ তারিখের ৩১.০০.০০০০. ০৪৬. ১১.০০৭.১৯.২৬৫ নম্বর স্মারক মোতাবেক আরো ২১ (একুশ) টি পদের মোট ৪১ (একচল্লিশ) টি পদের ছাড়পত্র পাওয়া গেছে। | রাজস্ব শাখাসহ মাঠপর্যায়ের ভূমি অফিসসমূহে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় রাজস্ব প্রশাসনের গতি ত্বরান্বিত করা এবং রাজস্ব আদায়ের স্বার্থে ৩য় শ্রেণীর ৪১ (একচল্লিশ) টি পদের নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ভবিষ্যতে কর্মচারীগণের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াবলী অগ্রাধিকারভিত্তিতে দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব) কুড়িগ্রাম<br>২। রেভিনিউ ডেপুটি কালেক্টর কুড়িগ্রাম |

চলমান-২

আলোচ্যসূচি ৩: **শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় জানান, বর্তমানে রাজস্ব প্রশাসনে শৃঙ্খলা বিধির অধীনে ২/২০১৯ নং ১ (এক) টি বিভাগীয় মামলা চলমান রয়েছে। বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট বিধিমালা যথাযথ অনুসরণ করে বিভাগীয় মামলাটি দ্রুত নিষ্পত্তির ক্ষেত্রে আরও তৎপর হওয়ার জন্য কর্মকর্তা/ কর্মচারীগণকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। সংশ্লিষ্ট আইন/বিধি যথাযথ অনুসরণ করে চলমান বিভাগীয় মামলা দ্রুত নিষ্পত্তি করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

শৃঙ্খলা ও বিভাগীয় মামলা সংক্রান্ত বিবরণী: জুলাই,২০২৪

| ক্রঃ নং | নাম ও পদবি | কর্মরত অফিসের নাম | মামলা নং ও দায়েরের তারিখ | পুন:তদন্তকারী কর্মকর্তা নিয়োগের স্মারক ও তারিখ | পুন:তদন্তকারী কর্মকর্তার নাম ও পদবি | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | মোঃ হারুন অর রশীদ<br>ইউঃ ভূমি উপ-সহঃ কর্মকর্তা | ইউ: ভূমি অফিস, যাত্রাপুর, কুড়িগ্রাম সদর, কুড়িগ্রাম | ০২/১৯<br>১৭/০৯/১৯ | স্মারক নং-৩৩১<br>৩১/০৭/২০২৩ | জনাব উত্তম কুমার রায়<br>অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)<br>কুড়িগ্রাম | তদন্ত প্রতিবেদন পাওয়া গেছে। |

**আলোচ্যসূচি ৪: উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সংক্রান্ত:**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম সভায় পরিদর্শন সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। মাঠ পর্যায়ের উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শন করা এবং পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরসহ এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী পরিদর্শনে সতর্ক থাকতে নির্দেশনা প্রদান করা হয়। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখার জন্য অনুরোধ করা হয়। নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ নির্ধারিত প্রমাপ অনুযায়ী দর্শন/পরিদর্শন করে পরিদর্শনকৃত অফিসের সার্বিক কর্মকান্ড তুলে ধরে পরিদর্শন প্রতিবেদন ৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে এবং হার্ডকপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে পুনরায় নির্দেশনা প্রদান করা হয়। | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে নিয়মিত উপজেলা ও ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন কার্যক্রম আরো নিবিড়ভাবে সম্পন্ন করে প্রতিমাসে প্রমাপ অর্জনের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম এবং সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে সতর্ক থাকতে হবে।<br>২। পরিদর্শনের সময় সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন ভূমি অফিসসমূহের সকল রেজিস্টারসমূহ হালনাগাদ করা হচ্ছে কিনা তা দেখতে হবে।<br>৩। কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ উপজেলা ভূমি অফিস/ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে ই-মেইলে, ফ্যাক্স-এ এবং হার্ড কপি এ অফিসে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>৪। পরিদর্শনকারী কর্মকর্তাকে পরিদর্শন এর সময় সকল বিষয় পুঙ্খানুপুঙ্খভাবে পরীক্ষা করতে হবে। | (১-৪)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম /সংশ্লিষ্ট সকল কর্মকর্তা, কুড়িগ্রাম। |

আলোচ্যসূচি ৫: **উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত**

| | | |
|---|---|---|
| সভায় জুলাই ২০২৪ মাসের উপজেলা রাজস্ব সভার পরিসংখ্যান উপস্থাপন করা হয়। উপজেলা পর্যায়ে রাজস্ব সভা সংক্রান্ত আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম জানান জুলাই, ২০২৪ মাসে উলিপুর ও চর রাজিবপুর উপজেলা হতে রাজস্ব সভার কার্যবিবরণী এ কার্যালয়ে পাওয়া যায়নি। সভায় এ বিষয়ে অসন্তোষ প্রকাশ করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১৫.৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসে সকল উপজেলায় উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে পুনরায় নির্দেশ প্রদান করা হলো। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/৮/২০১৬ তারিখের ০৪.০০.০০০০.৫১৩.১৭.১৮৮.২০১. ৭৩২ নম্বর পরিপত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক প্রতিমাসের চতুর্থ সোমবার উপজেলা রাজস্ব সভা অনুষ্ঠানের ধারাবাহিকতা অব্যাহত রাখা এবং সভার কার্যবিবরণী পরবর্তী মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। উপজেলা রাজস্ব সভায় জেলা রাজস্ব সভার গৃহীত সিদ্ধান্তের অগ্রগতির বিষয়ে আলোচনা করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল) , কুড়িগ্রাম।<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

চলমান-৩

**উপজেলা রাজস্ব সভা সংক্রান্ত বিবরণী: জুলাই ২০২৪**

| ক্র: নং | উপজেলা | উপজেলা রাজস্ব সম্মেলনের তারিখ | সভার কার্যবিবরণীর স্মারক ও তারিখ | সভার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রাপ্তির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১ | কুড়িগ্রাম সদর | ২৮/০৭/২০২৪ | ৩১.০২.৪৯৫২.০০০.০০০.০১.০৩০.২৩.৪৩৪ তারিখ: ২৮/০৭/২০২৪ | ১৪/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ২ | নাগেশ্বরী | ২৯/০৭/২০২৪ | ৩১.০২.৪৯৬১.০০০.০৩.০০১.২৩.৮৬২ তারিখ: ২৯/০৭/২০২৪ | ২২/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৩ | ভূরুঙ্গামারী | ২৪/০৭/২০২৪ | ৩১.০২.৪৯০৬.০০০.০৫.০২৩.২০.২৩৩(১৫) তারিখ: ২৯/০৭/২০২৪ | ২২/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৪ | ফুলবাড়ী | ২৯/০৭/২০২৪ | ৩১.০২.৪৯১৮.০০০.০১.০৫০.২৩.৪৪৮(১২) তারিখ: ০৪/০৮/২০২৪ | ২১/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৫ | রাজারহাট | ০১/০৮/২০২৪ | ৩১.০২.৪৯৭৭.০০০.০৩.০০৪.২০.২৬৮(১৬) তারিখ: ১৯/০৮/২০২৪ | ১৯/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৬ | উলিপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |
| ৭ | চিলমারী | ২৯/০৭/২০২৪ | ৩১.০২.৪৯০৯.০০০.০১.০০৭.২১.৩০২(৯) তারিখ: ১৪/০৮/২০২৪ | ১৫/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৮ | রৌমারী | ১৮/০৮/২০২৪ | ৩১.০২.৪৯৭৯.০০১.০২.০১০.২৪.৪০৪ তারিখ: ১৪/০৮/২০২৪ | ২১/০৮/২০২৪ | সভার কার্যবিবরণী পাওয়া গেছে। |
| ৯ | চর রাজিবপুর | - | - | - | সভার কার্যবিবরণী পাওয়া যায়নি। |

আলোচ্যসূচি ৬: **উপজেলা/ ইউনিয়ন ভূমি অফিস ভবন নির্মাণ/মেরামত সংক্রান্ত: জুলাই ২০২৪**

| | | |
|---|---|---|
| ২০২৩-২০২০৪ অর্থবছরের প্রাপ্ত বরাদ্দের প্রেক্ষিতে মেরামত ও সংরক্ষণ কাজ শর্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই/সরেজমিন পরিদর্শনপূর্বক উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রামকে বিস্তারিত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।<br><br>২০২৪-২০২৫ অর্থবছরে কুড়িগ্রাম জেলার মেরামত/সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। | ১। মেরামত ও সংরক্ষণ কাজ শর্ত যথাযথভাবে প্রতিপালন ও মানসম্মতভাবে সম্পন্ন হয়েছে কি না তা যাচাই/ সরেজমিন পরিদর্শনপূর্বক বিস্তারিত প্রতিবেদন দাখিল করতে হবে।<br>২।২০২৪-২০২৫ অর্থবছরে মেরামত/ সংস্কারযোগ্য উপজেলা ভূমি অফিস/ পৌর ভূমি অফিস /ইউনিয়ন ভূমি অফিস এর সংখ্যা ও প্রকৃত চাহিদা আগামী রাজস্ব সভার পূর্বেই এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | (১-২) অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি)(সকল) কুড়িগ্রাম। |

আলোচ্যসূচি ৭: **নামজারি মোকদ্দমা সংক্রান্ত: জুলাই,২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|

**নামজারি ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (১ম ভাগ)**

| উপজেলা | বিগত মাস পর্যন্ত ক্রমপুঞ্জিভূত অনিষ্পন্ন কেসের সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | মোট নামজারী/ জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | অনিষ্পন্ন কেসের সংখ্যা ২৮ দিনের নিম্নে |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | ৫১৪ | ৪৯৭ | ১০১১ | ৬১৩ | ৩৯৮ |
| নাগেশ্বরী | ৮৩৫ | ৫৫৬ | ১৩৯১ | ৭৫৫ | ৬৩৬ |
| ভূরুঙ্গামারী | ২৩৬ | ৩১০ | ৫৪৬ | ৩১৫ | ২৩১ |
| ফুলবাড়ী | ৭৪৪ | ১৭৮ | ৯২২ | ২০৬ | ৭১৬ |
| রাজারহাট | ৬৩৪ | ৪১৮ | ১০৫২ | ৪৮৫ | ৫৬৭ |
| উলিপুর | ৪২১ | ৬১২ | ১০৩৩ | ৭৮৯ | ২৪৪ |
| চিলমারী | ২০৫ | ২৭০ | ৪৭৫ | ২৫৫ | ২২০ |
| রৌমারী | ২৪২ | ৩৬৯ | ৬১১ | ৩৪৩ | ২৬৮ |
| চর রাজিবপুর | ১৪৩ | ১৬৮ | ৩১১ | ২১৬ | ৯৫ |
| সর্বমোট= | ৩৯৭৪ | ৩৩৭৮ | ৭৩৫২ | ৩৯৭৭ | ৩৩৭৫ |

**নামজারী ও জমাভাগ মোকদ্দমার বিবরণী (২য় ভাগ)**

| উপজেলা | চলতি মাসে দায়ের কৃত কেসের সংখ্যা | মোট নামজারী /জমাভাগ কেসের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত কেসের সংখ্যা | | | অনিষ্পন্ন কেসের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | নোটিশ প্রদানের মাধ্যমে অনুমোদন করা হয়েছে | নোটিশ প্রদানের মাধ্যমে নামঞ্জুর/ নথি জাত করা হয়েছে | মোট নিষ্পত্তি কৃত মামলার সংখ্যা | ২৮ দিনের নিম্নে |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রাজারহাট | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| উলিপুর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| চিলমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| চররাজিবপুর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| সর্বমোট= | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |

সভায় নামজারী বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। উপর্যুক্ত বিষয়ে উপস্থাপিত চিত্র অনুযায়ী জুলাই ২০২৪ মাসে এ জেলায় ১ম খন্ডে ৩৯৭৭ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে এবং ২য় খন্ডে কোন অনিষ্পন্ন মামলা নেই। জনস্বার্থে অনিষ্পন্ন মামলাগুলো নির্ধারিত সময়সীমার মধ্যে সঠিকভাবে নিষ্পত্তির বিষয়ে গুরুত্বারোপ করা হয়। ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ, উপজেলা ভূমি অফিস ও ইউনিয়ন ভূমি অফিসে বিভিন্ন আইডিতে পেন্ডিং এবং আর্কাইভের জন্য অপেক্ষমান ২৮ দিনের উর্ধ্বের মামলাসমূহ চিহ্নিত করে নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। ৬০/৯০ দিনের উর্ধ্বে নামজারি মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: আবেদনের ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে সংশ্লিষ্টদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। নামজারি মামলায় ২৮ দিনের উর্ধ্বে অনিষ্পন্ন মামলার তথ্য অর্ন্তভূক্ত করে মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে।

২। সরকারি স্বার্থ সংশ্লিষ্টতা যাচাই করত: নির্ধারিত সময়ের মধ্যে ক্রম অনুযায়ী নামজারি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

৩। নামজারি প্রাপ্তিতে জনগণের হয়রানিবিহীন সেবা নিশ্চিত করতে হবে।

৪। ই-নামজারির পেন্ডিং মামলাসমূহ অস্বাভাবিক দেখলে সেখানে সরাসরি যোগাযোগ করতে হবে।

৫। ৬০/৯০ দিনের উর্ধ্বে নামজারি মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

(২-৫)। সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রাম ।

আলোচ্যসূচি ৮(ক): **২০২৩-২৪ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সাধারণ ): জুলাই ২০২৪**

**আলোচনা**

সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে প্রাপ্ত প্রতিবেদনে ২০২৪-২০২৫ অর্থবছরে জুলাই, ২০২৪ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সাধারণ দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাস | দাবি | চলতি মাসের আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জুলাই/২০২৪ | দাবি নির্ধারণ হয়নি | ৪৬১৫৩২ | ৪৬১৫৩২ | |
| | জুলাই/২০২৩ | | ৫৯৩৬৬৮ | ৫৯৩৬৬৮ | |
| নাগেশ্বরী | জুলাই/২০২৪ | | ৪৫৪৩৩৭ | ৪৫৪৩৩৭ | |
| | জুলাই/২০২৩ | | ৫১৬৫৭০ | ৫১৬৫৭০ | |
| ভূরুঙ্গামারী | জুলাই/২০২৪ | | ৩৬৬৭৭৫ | ৩৬৬৭৭৫ | |
| | জুলাই/২০২৩ | | ২৩১৬৪০ | ২৩১৬৪০ | |
| ফুলবাড়ী | জুলাই/২০২৪ | | ১৬১৬৩৯ | ১৬১৬৩৯ | |
| | জুলাই/২০২৩ | | ৪১৪৩৫৫ | ৪১৪৩৫৫ | |
| রাজারহাট | জুলাই/২০২৪ | | ৩৪১৫১৭ | ৩৪১৫১৭ | |
| | জুলাই/২০২৩ | | ৩৩৩৭৪৩ | ৩৩৩৭৪৩ | |
| উলিপুর | জুলাই/২০২৪ | | ৭২৮৮৪৭ | ৭২৮৮৪৭ | |
| | জুলাই/২০২৩ | | ৮৫৪৭৭২ | ৮৫৪৭৭২ | |
| চিলমারী | জুলাই/২০২৪ | | ১৬৬৩৭৪ | ১৬৬৩৭৪ | |
| | জুলাই/২০২৩ | | ৩৯১৩৯৭ | ৩৯১৩৯৭ | |
| রৌমারী | জুলাই/২০২৪ | | ৭০০৩০০ | ৭০০৩০০ | |
| | জুলাই/২০২৩ | | ৯১৮৬৮৫ | ৯১৮৬৮৫ | |
| চর রাজিবপুর | জুলাই/২০২৪ | | ১৪১৮৮৯ | ১৪১৮৮৯ | |
| | জুলাই/২০২৩ | | ১৭৮৬৩৯ | ১৭৮৬৩৯ | |
| সর্বমোট | জুলাই/২০২৪ | | ৩৫২৩২১০ | ৩৫২৩২১০ | |
| | জুলাই/২০২৩ | | ৪৪৩৩৪৬৯ | ৪৪৩৩৪৬৯ | |

ভূমি উন্নয়ন কর সাধারণ এর দাবি ও আদায় বিবরণীর পরিসংখ্যানে দেখা যায় জুলাই/ ২০২৪ মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায় =৪৪,৩৩,৪৬৯/- টাকা। ২০২৪-২৫ অর্থবছরের সাধারণ দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণ করার জন্য সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১। ২০২৪-২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের সাধারণ দাবির ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে নির্ধারণপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে। হবে।
২। অনুমোদন সতর্কতার সাথে দিতে হবে এবং হোল্ডিং এর দাবি সঠিক কিনা যাচাই করতে হবে।
৩। হোল্ডিং এন্ট্রি টার্গেট অনুযায়ী কার্যক্রম গ্রহণপূর্বক গৃহীত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
৪। সফটওয়্যারে আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন**

১। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।
(২-৪) সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

আলোচ্যসূচি ৮(খ): **২০২৪-২৫ অর্থ বছরের ভূমি উন্নয়ন করের আদায় (সংস্থা): জুলাই ২০২৪**

**আলোচনা**

২০২৪-২০২৫ অর্থবছরে জুলাই/২৪ মাস পর্যন্ত এ জেলার ভূমি উন্নয়ন করের সংস্থার দাবি ও আদায় বিবরণী নিম্নরুপ:

| উপজেলা | মাসের নাম | দাবি | চলতি মাসে আদায় | পুঞ্জিভূত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| কুড়িগ্রাম সদর | জুলাই/২০২৪ | দাবি নির্ধারণ হয়নি | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ১০৯২১৪ | ১০৯২১৪ | |
| নাগেশ্বরী | জুলাই/২০২৪ | | ১৪৫০ | ১৪৫০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ০০ | |
| ভূরুঙ্গামারী | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ১৪০৭১৪ | ২১১৮৮০ | |
| ফুলবাড়ী | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ০০ | |
| রাজারহাট | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ১৯৮০ | ১৯৮০ | |
| উলিপুর | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ০০ | |
| চিলমারী | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ০০ | |
| রৌমারী | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ২১৪৫৬৬ | |
| চর রাজিবপুর | জুলাই/২০২৪ | | ০০ | ০০ | |
| | জুলাই/২০২৩ | | ০০ | ০০ | |
| সর্বমোট= | জুলাই/২০২৪ | | ১৪৫০ | ১৪৫০ | |
| | জুলাই/২০২৩ | | ১১১৩১৪ | ১১১৩১৪ | |

জুলাই/২০২৪ মাস পর্যন্ত সংস্থার আদায় =১,৪৫০/-টাকা। ২০২৪-২০২৫ অর্থবছরের ভূমি উন্নয়ন করের দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক বছরের শুরুতেই দাবির পরিমাণ উল্লেখপূর্বক উপজেলা পর্যায়ে বিভিন্ন সংস্থা প্রধানদের পত্র প্রেরণ করে অনুলিপি এ অফিসে প্রেরণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। সংস্থার দাবি শতভাগ আদায়ের জন্য বছরের শুরু থেকেই জোর প্রচেষ্টা চালানোর জন্য নির্দেশনা প্রদান করা হলো।

**সিদ্ধান্ত**

১।২০২৪-২০২৫ অর্থবছরের সংস্থার ভূমি উন্নয়ন করের দাবির বিপরীতে সংশ্লিষ্ট সংস্থার উপজেলা প্রতিনিধি/ জেলা কর্তৃপক্ষ/ বিভাগীয় কার্যালয় ও সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাবির পরিমাণ উল্লেখপূর্বক পত্র প্রেরণ করে এ কার্যালয়ে অনুলিপি প্রেরণ করতে হবে। প্রয়োজনে ফোনে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে আদায় হার বৃদ্ধি করতে হবে।
৩। সংস্থার দাবি ৩০ জুন,২০২৫ এর মধ্যে শতভাগ আদায়ের নিমিত্ত জোর প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।

**বাস্তবায়ন**

(১-২)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।

আলোচ্যসূচি ৯: **অর্পিত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অর্পিত সম্পত্তির সুষ্ঠু ব্যবস্থাপনার স্বার্থে লিজকৃত অর্পিত সম্পত্তির বকেয়া ও হাল দাবি আদায়ের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। 'ক' তফশীলভূক্ত অর্পিত সম্পত্তির আলোচনায় অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় জানান কুড়িগ্রাম জেলায় 'ক' তালিকাভূক্ত অর্পিত সম্পত্তির পরিমাণ ২৪৩০.৫৪৫ একর। লীজকৃত সম্পত্তির পরিমাণ ১৩৩.১৯৮০ একর। আগামী ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের অর্পিত সম্পত্তির দাবি বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। সভায় অর্পিত সম্পত্তির কেসগুলো নিয়মিত শুনানী করার নির্দেশ প্রদান করা হলো। অর্পিত 'খ' তালিকার মালিকানা চিহ্নিত করে সম্পত্তি বিধি মোতাবেক ১ নং খাস খতিয়ানভূক্ত করার নির্দেশনা প্রদান করা হলো। এছাড়া জরিপ এর ক্ষেত্রে অর্পিত সম্পত্তি, খাস পুকুর ও সায়রাতভূক্ত পুকুরের তালিকা জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়। | ১। আগামী ৩১/০৮/২০২৪ তারিখের মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের অর্পিত সম্পত্তির দাবি বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২। অনাদায়ি লিজ মোকদ্দমার তালিকা এবং অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ ট্রাইবুন্যালে মামলাভূক্ত লিজ নথির তালিকা প্রস্তুতপূর্বক এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। দীর্ঘদিন যাবৎ যে সকল লিজগ্রহিতা লিজমানি প্রদান করছেন না, সে সকল লিজগ্রহিতাকে নিয়মিতভাবে নোটিশ প্রদানপূর্বক প্রয়োজনে বিধি মোতাবেক লিজ বাতিল করত: নতুনভাবে লীজ প্রদান করতে হবে।<br>৪। অর্পিত 'খ' তালিকার মালিকানা/ দাবিদারবিহীন সম্পত্তি চিহ্নিত করে বিধি মোতাবেক ১ নং খাস খতিয়ানভূক্ত করতে হবে।<br>৫। জরিপ এর ক্ষেত্রে অর্পিত সম্পত্তি,খাস পুকুর ও সায়রাতভূক্ত পুকুরের তালিকা জোনাল সেটেলমেন্ট অফিসার বরাবর প্রেরণ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ উপজেলা নির্বাহী অফিসার (সকল) /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৩-৬)উপজেলা নির্বাহী অফিসার (সকল)/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

**অর্পিত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: জুলাই ২০২৪**

| উপজেলা | 'ক' তালিকা ভূক্ত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | লীজকৃত অর্পিত সম্পত্তির মোট পরিমাণ (একরে) | দাবি (২০২৪-২৫) | | | জুন ২০২৪ মাসে আদায় | | | পুঞ্জিভূত আদায় | | | আদায় হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | বকেয়া | হাল | মোট | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ |
| কুড়িগ্রাম সদর (পৌর বহির্ভূত) | ৮৩৫.৭১০০ | ৮.০৬৫৬ | দাবি | নির্ধারণ | চলছে | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| পৌর এলাকা | ৫৭.৮২৭৪ | ১৪.৩৯৪৪ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| কুড়িগ্রাম সদর সর্বমোট | ৮৯৩.৫৩৭৪ | ২২.৪৬ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| নাগেশ্বরী | ৪৯০.৮৬৫ | ২৬.৮০৫ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ভূরুঙ্গামারী | ২০৯.৯৭ | ১২.২৬ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| ফুলবাড়ী | ৩১৮.৩১ | ১৩.২৮ | | | | ৪২৪০ | ৪২৪০ | ৮৪৮০ | ৪২৪০ | ৪২৪০ | ৮৪৮০ | |
| রাজারহাট | ৮২.৭৮৭৫ | ০৭.৬৭ | | | | ০০ | ১২১৪০ | ১২১৪০ | ০০ | ১২১৪০ | ১২১৪০ | |
| উলিপুর | ১২৯.৮৫০১ | ২৪.৭৪ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| চিলমারী | ৭.৬৬ | ০৬.৭৮ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| রৌমারী | ২৯৭.৫৬৫ | ১৯.১৯৫ | | | | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | |
| চর রাজিবপুর | - | - | | | | - | - | - | - | - | - | |
| সর্বমোট= | ২৪৩০.৫৪৫ | ১৩৩.১৯০ | | | | ৪২৪০ | ১৬৩৮০ | ২০৬২০ | ৪২৪০ | ১৬৩৮০ | ২০৬২০ | |

আলোচ্যসূচি ১০: **পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় সংক্রান্ত: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন এ জেলায় পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ ২.৯৯২৫ একর এবং বাড়ীর সংখ্যা ৯ টি। বাড়ীগুলো গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম রক্ষণাবেক্ষণ করেন। চলতি ২০২৪-২৫ অর্থবছরের পরিত্যক্ত সম্পত্তির দাবি বিবরণী এখনও পাওয়া যায়নি। ২০২৪-২৫ অর্থবছরে পরিত্যক্ত সম্পত্তির দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক শতভাগ আদায় করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১) আগামী রাজস্ব সভার পূর্বেই ২০২৩-২৪ অথবছরের পরিত্যক্ত সম্পত্তির দাবি বিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>২) পরিত্যক্ত সম্পত্তিগুলো সুষ্ঠুভাবে রক্ষণাবেক্ষণ করতে হবে। | (১-২)অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ নির্বাহী প্রকৌশলী,গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম। |

**পরিত্যাক্ত সম্পত্তির দাবি ও আদায় বিবরণী: জুলাই ২০২৪**

| পরিত্যক্ত সম্পত্তির পরিমাণ | বাড়ীর সংখ্যা | ইজারাকৃত সম্পত্তির পরিমাণ | ইজারাকৃত বাড়ীর সংখ্যা | দাবীর পরিমাণ | | | আলোচ্য মাসে আদায় | এ পর্যন্ত আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | বকেয়া | হাল | মোট | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ২.৯৯২৫ | ০৯ টি | ১০,৬৯,৯০১/- | ০৯ টি | দাবি | নির্ধারণ | চলছে | ০০ | ০০- | ০০ |

আলোচ্যসূচি ১১: **হাট-বাজারের পেরিফেরি সংক্রান্ত: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত উল্লিখিত ছক পর্যালোচনায় এ জেলায় মোট হাট-বাজারের সংখ্যা ১৭১ টি। বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরিভূক্ত হাট-বাজারের সংখ্যা ১৪৩ টি। উপজেলাভিত্তিক প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় কুড়িগ্রাম সদর উপজেলায় পেরিফেরিভুক্ত নয় এমন ০৯ টি,কুড়িগ্রাম পৌরসভা ০১ টি, ভূরুঙ্গামারী ০১ টি, ফুলবাড়ী ০২ টি, রাজারহাট ৩ টি, উলিপুর ০৬ টি রৌমারী ০৪ এবং চর রাজিবপুর উপজেলায় ৩ টি সহ মোট ২৮ টি হাটের পেরিফেরি হয়নি। উপজেলার সকল হাট বাজারের পেরিফেরি ও বর্তমান অবস্থা সরেজমিন পরিদর্শন করে পেরিফেরি হালনাগাদ করার কাজ ত্বরান্বিত করার জন্য এবং যে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদিত হয়নি সে সমস্ত হাট বাজারের পেরিফেরি অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। যে সকল হাটবাজার ১৪৩০ সালে এখনও ইজারা প্রদান সম্ভব হয়নি ইজারা প্রদান কার্যক্রম বিধি মোতাবেক দ্রুত সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। কোন হাটবাজার না বসলে তা ক্যালেন্ডার হতে বাদ দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্যও উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। পেরিফেরীর বাহিরে হাটবাজারগুলোর বাণিজ্যিক হারে ভূমি উন্নয়ন কর আদায় করতে সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রামকে নির্দেশ প্রদান করা হয়। | ১। জেলার সকল পৌরসভার ব্যবস্থাপনাধীনসহ অন্যান্য হাট-বাজারের ইজারালব্ধ অর্থ হতে ‘৭ ভূমি রাজস্ব’ খাতে অর্থ জমা প্রদান করা হচ্ছে কি না তার তথ্য সংগ্রহ করত: চালান নং ও অর্থের পরিমাণ সায়রাত রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে।<br>২। হাট-বাজারসমূহের নীতিমালা মোতাবেক ইজারাবিহীন হাটসমূহের যথাযথভাবে খাস আদায় অব্যাহত রাখা,আদায়কৃত খাস সরকারি কোষাগারে বিধি মোতাবেক জমা প্রদান নিশ্চিত করতে হবে ও যথাসময়ে ইজারা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। পেরিফেরিভূক্ত না হওয়া হাট-বাজারসমূহ অবিলম্বে পেরিফেরিভুক্ত করতে হবে এবং রেজিস্টার-৬ ভূক্ত কোন হাট-বাজারে হাট না বসলে সে সকল হাট বাজার বিলুপ্ত ঘোষণার নিমিত্ত কার্যক্রর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৪। যে সকল হাট বসে না সেগুলো কেন বসে না তা যাচাইকরত: প্রয়োজনমতে হাট বিলুপ্ত ঘোষণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। যে সকল হাটবাজারের পেরিফেরি ইতোমধ্যে সম্পন্ন হয়েছে সেসকল হাট-বাজারের চান্দিনা ভিটির জমি বন্দোবস্ত কার্যক্রম গ্রহণ করাসহ কেউ অবৈধভাবে দখলে থাকলে বিধি মোতাবেক উচ্ছেদের ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতি ২ মাস অন্তর ১ টি হাটের পেরিফেরি প্রস্তাব প্রেরণ করতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।<br>(৩-৪)। সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>৫। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম/উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম। |

## হাট-বাজার লিজ সংক্রান্ত তথ্য: জুলাই/২০২৪

| উপজেলা/ পৌরসভা/সিটি কর্পোরেশনের নাম | মোট হাট-বাজারের সংখ্যা | বিবেচ্য মাস পর্যন্ত পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | চলতি মাসে পেরিফেরি ভূক্ত হাট-বাজারের সংখ্যা | ইজারা প্রদত্ত হাট-বাজারের সংখ্যা | ইজারাহীন হাট-বাজারের সংখ্যা | খাস আদায় হচ্ছে | ইজারালব্ধ অর্থের পরিমাণ (বাংলা ১৪৩১) | ৫% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতে জমার পরিমাণ | ২০% হারে অর্থ ৭-ভূমি রাজস্ব খাতের অধীন ৪-হাট-বাজার খাতে জমা |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| কুড়িগ্রাম সদর | ২৬ | ১৭ | | ১৫ | ১১ | ১১ | ৩৪৯০৮৯৭০ | - | - |
| কুড়িগ্রাম পৌরসভা | ০২ | ০১ | - | ০২ | - | - | ১৫৭৭০০০ | | |
| নাগেশ্বরী | ২৭ | ২৭ | | ২৪ | ২৪ | ০৩ | ৯২৩১৯৯৭ | | |
| নাগেশ্বরী পৌরসভা | ০১ | ০১ | - | ০১ | - | - | ৬৮১১৯০০ | | |
| ভূরুঙ্গামারী | ২০ | ২০ | - | ১২ | ০৮ | ০৮ | ২০৮১০১৬ | - | - |
| ফুলবাড়ী | ১৫ | ১৩ | | ১৩ | ০২ | ০২ | ১১৭৫৪০৫৫ | - | - |
| রাজারহাট | ১৭ | ১৪ | | ১০ | ০৭ | ০৭ | ১১৩৬৬৫৬০ | - | - |
| উলিপুর | ৩২ | ২৬ | - | ২৭ | ০৫ | ০৫ | ১৩৫৩৫১৫১ | - | - |
| উলিপুর পৌরসভা | ০২ | ০২ | - | ০২ | - | - | ১৫৭৭৭৬০১ | - | - |
| চিলমারী | ০৫ | ০৫ | - | ০৫ | - | - | ১৫৮৯৩২৫০ | ৭৯৪৬৬২.৫০ | ৩১৭৮৬৫০ |
| রৌমারী | ১৭ | ১৩ | | ১৭ | - | - | ৪২৬৮১৯৬৪ | ২১৩৪০৯৮ | ৮৫৩৬৩৯৩ |
| চর রাজিবপুর | ০৭ | ০৪ | - | ০৪ | ০৩ | - | ১৭৬০৫০০০ | - | - |
| মোট= | ১৭১ | ১৪৩ | | ১৩২ | ৩৯ | ৩৬ | ১৮৩২২৪৪৬৪ | ২৯২৮৭৬১ | ১১৭১৫০৪৩ |

আলোচ্যসূচি ১২ **জলমহাল সংক্রান্ত: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত পরিসংখ্যান অনুযায়ী এ জেলায় মোট জলমহাল ১১২ টি। ২০ (বিশ) একরের উর্ধ্বে মোট জলমহালের সংখ্যা ৩০টি। ইজারাযোগ্য জলমহালের সংখ্যা ২০ টি,নদীগর্ভে বিলীন ০৪ টি, মামলা চলমান ০৪ টি এবং স্থগিত ০১ টি। জেলায় ২০ (বিশ) একরের নিম্নে মোট জলমহালের সংখ্যা ৮২টি। বন্দোবস্তকৃত জলমহালের সংখ্যা ৭৩ টি, নদীগর্ভে ভরাট ৫ টি এবং ০৪ টি ইজারা প্রদান করা হয়নি। ইজারা প্রদানকৃত জলমহালসমূহ হতে ১৪২৭ বাংলা সনের প্রাপ্ত আয় =১,২১,৯৮,০৯৬/- টাকা। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী অইজারাকৃত বদ্ধ জলমহাল ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। | ১। স্থানীয় আদালতে যে সকল জলমহাল নিয়ে মামলাবিচারাধীন আছে সেসব মামলার বিষয়ে বিজ্ঞ সরকারি কৌশুলীর সাথে যোগাযোগ করত: দায়েরকৃত মামলাসমূহে রাষ্ট্রপক্ষ যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন। জলমহাল ব্যবস্থপনার ক্ষেত্রে সংশ্লিষ্ট আইন,বিধি-বিধান ও নীতিমালা অনুসরণ করতে হবে যাতে স্বার্থান্বেষী গোষ্ঠি জলমহাল নিয়ে অহেতুক মামলা মোকদ্দমা সৃজন করতে না পারে।<br>২। ভিডিওসহ জলমহালসমূহের ডাটাবেইজ প্রণয়ন এবং ছবিসহ খাস/ভিপি পুকুরের তথ্য এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।<br>৩। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ অনুযায়ী জলমহাল ইজারা প্রদানের প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। জনস্বার্থ বিবেচনায় ইজারা হওয়ার পূর্ব পযন্ত বিধি মোতাবেক খাস কালেকশন অব্যাহত রাখতে হবে এবং খাস কালেকশনের মাধ্যমে আদায়কৃত অর্থ সরকারি কোষাগারে জমাদান নিশ্চিত করে এ অফিসকে অবহিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/ উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম/ রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/সহকারী কমিশনার (আরএম) কুড়িগ্রাম।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম / রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

আলোচ্যসূচি ১৩: **১২। এল এ কেস সংক্রান্ত: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় এবং ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ এর আওতায় এলএ কেসসমূহের গেজেট দ্রুত প্রকাশনার ব্যবস্থা গ্রহণসহ এল,এ কেসের গেজেটের ভিত্তিতে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থার নামে অধিগ্রহণকৃত জমির নামজারি সম্পাদন করার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেয়া হয়। । সভায় এল. এ. কেস যেগুলো গেজেটের জন্য প্রেরিত হয়নি সে গুলো দ্রুত প্রেরণের নির্দেশ প্রদান করা হয়। অধিগ্রহণকৃত জমির গেজেট প্রকাশিত হয়েছে কিন্তু নামজারি সম্পন্ন হয়নি এরুপ জমির নামজারি সম্পন্নে সংশ্লিষ্ট প্রত্যাশী সংস্থা প্রধানগণ বরাবরে পত্র প্রেরণ ও ৪ ধারার নোটিশের পূর্বেই ধারণকৃত ভিডিও ও স্থিরচিত্র যাচাই করে যৌথ তালিকা প্রস্তুতকরণ বিষয়ে আলোচনা হয়। জমি অধিগ্রহণ বাবদ ক্ষতিপূরণের অর্থ বিতরণে যাতে কোন অনিয়ম, দুর্নীতি বা কেউ ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সতর্ক থাকার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হল। সভায় ভূমি ব্যবস্থাপনায় অটোমেশন কার্যক্রমের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য আপলোডকরণের অগ্রগতি বিষয়ে আলোচনা করাহয়। | ১। ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইন এবং ১৯৮২ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশের আওতায় জেলার সকল এল এ কেসের গেজেট প্রকাশের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয়, শাখা-৪ হতে গত ১৭/১০/১৯৯৯ ইং তারিখে জারীকৃত স্মারকের ভিত্তিতে সময়াবদ্ধ পরিকল্পনা প্রণয়ন ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।<br>২। অধিগ্রহণকৃত কোন সম্পত্তি ব্যক্তির নামে নামজারি হয়ে থাকলে তা দ্রুত বাতিলের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ,সংশ্লিষ্ট খতিয়ানের বিপরীতে এল, এ কেসের নম্বর লিখতে হবে এবং এল,এ কেসের রেজিষ্টার হালনাগাদ রাখতে হবে।<br>৩। গেজেটে প্রকাশিত কিন্তু নামজারি সম্পন্ন না হওয়া এলএ কেসসমূহের নামজারি দ্রুত সম্পন্নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। ভূমি ব্যবস্থাপনা অটোমেশনের আওতায় অধিগ্রহণ সংক্রান্ত তথ্য এন্ট্রির কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।<br>৫। জমি অধিগ্রহণের ৪ ধারার নোটিশের পূর্বেই ধারণকৃত ভিডিও ও স্থিরচিত্র যাচাই করে যৌথ তালিকা প্রস্তুত করতে হবে। | ১। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।<br>(২-৩)। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫।ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম। |

কুড়িগ্রাম জেলার এল,এ কেসের তথ্যাবলী, জুলাই/২০২৪

| ১৯৪৮ সনের জরুরি হুকুম দখল আইনের আওতায় | | | | | | ১৯৮২ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ আইনের আওতায় | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মোট এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রেরণকৃত এল,এ কেসের সংখ্যা | বাতিল এল,এ কেসের সংখ্যা | অনিষ্পন্ন এল,এ কেসের সংখ্যা | ২ নং কলামের গেজেটে প্রকাশিত কেসের মধ্যে নামজারীকৃত কেস সংখ্যা | মোট এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রেরণকৃত এল,এ কেসের সংখ্যা | চলমান কেসের সংখ্যা | ৮ নং কলামের গেজেটে প্রকাশিত কেসের মধ্যে নামজারীকৃত কেস সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| ৩৮৪ | ২৬৬ | ৮২ | ০৬ | ৩০ | ২৬৩ | ৩৩২ | ৩০২ | ১৩ | ০১ | ৩০২ |

| ২০১৭ সনের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ আইনের আওতায় | | | | | |
|---|---|---|---|---|---|
| মোট এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রকাশিত এল,এ কেসের সংখ্যা | গেজেটে প্রেরণ কৃত এল,এ কেসের সংখ্যা | বাতিল এল,এ কেসের সংখ্যা | অনিষ্পন্ন এল,এ কেসের সংখ্যা | ২ নং কলামের গেজেটে প্রকাশিত কেসের মধ্যে নামজারীকৃত কেস সংখ্যা |
| ৪৩ | ১১ | ১১ | ০৪ | ২৭ | ০১ |

আলোচ্যসূচি ১৪: **সরকারি সম্পত্তি সংক্রান্ত দেওয়ানি মামলা: জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনের আলোকে সভায় দেওয়ানি (মূল) ও দেওয়ানী (আপীল) মামলা দায়ের ও নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয়। সহকারী কমিশনার, আরএম শাখা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় জুলাই/২০২৪ মাস পর্যন্ত খাস জমি সংক্রান্ত মূল মামলা ১৪৬৫ টি, অনিষ্পন্ন মামলার সংখ্যা ১৪৬০ টি। আপিল মামলা ১২১ টি, অনিষ্পন্ন মামলার সংখ্যা ১২০ টি। অর্পিত সম্পত্তি সংক্রান্ত মূল মামলা ৮০২ টি। অনিষ্পন্ন মামলার সংখ্যা ৮০১ টি এবং আপিল ১৩ টি। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারের বিপক্ষে রায়ের ক্ষেত্রে দ্রুত সর্বোচ্চ আদালত পর্যন্ত আপিল/ রিভিশন/লিভ টু আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হলো। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার ধার্য তারিখ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে এবং সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারি স্বার্থানুকূল সাক্ষ্য প্রদান নিশ্চিত করতে সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হয়। | ১। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারের বিপক্ষে রায়ের ক্ষেত্রে দ্রুত সর্বোচ্চ আদালত পর্যন্ত আপিল/ রিভিশন/লিভ টু আপিল দায়েরের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। সরকারের পক্ষে রায় হওয়া মামলাভূক্ত সম্পত্তি সরকারের দখলে রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৩। নোটিশ/সমনের সাথে আরজির কপি প্রেরণ করতে হবে।<br>৪। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলার ধার্য তারিখ সংক্রান্ত তথ্য নিয়মিতভাবে সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৫। সরকারি স্বার্থ সংশ্লিষ্ট মামলায় সরকারি স্বার্থানুকূল সাক্ষ্য প্রদান নিশ্চিত করতে হবে। | (১-২)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম ।<br>৩। সহকারী কমিশনার (ভূমি), সকল, কুড়িগ্রাম /বিজ্ঞ সরকারি কৌসুলি / বিজ্ঞ ভিপি কৌশুলী, কুড়িগ্রাম।<br>৪।সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম/ ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ ইউনিয়ন ভূমি উপ-সহকারী কর্মকর্তা (সকল), কুড়িগ্রাম।<br>৫। বিজ্ঞ জিপি/এজিপি (সকল) ও ভিপি কৌশুলী, কুড়িগ্রাম। |

আলোচ্যসূচি ১৫: **রেন্ট সার্টিফিকেট মামলা সংক্রান্ত : জুলাই ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় বকেয়া পাওনা আদায়ের স্বার্থে অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি এবং ভূমি উন্নয়ন কর আদায় ত্বরান্বিত করতে রেন্ট সার্টিফিকেট মামলা দায়েরের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। তথ্য পর্যালোচনায় দেখা যায় জুলাই ২০২৪ মাসে এ জেলায় মোট ০৩ (তিন) টি মামলা নিষ্পত্তি হয়েছে এবং আদায়কৃত টাকার পরিমাণ =৯,১৬৫/ টাকা। জুলাই/২০২৪ মাসে অনিষ্পত্তিকৃত রেন্ট সার্টিফিকেট মামলার সংখ্যা ৩০ টি, বিপরীতে দাবির পরিমাণ =৭,০৬,৯৩৯/- টাকা। জুলাই/২০২৪ মাসে শুধুমাত্র কুড়িগ্রাম সদর, নাগেশ্বরী এবং রৌমারী উপজেলায়রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তি হয়েছে। অন্যান্য উপজেলায় রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তি না হওয়ার বিষয়টি খতিয়ে দেখতে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম/ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণকে নির্দেশনা প্রদান করা হয়। প্রমাপ অনুযায়ী রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের ও নিষ্পত্তি করতে সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকার জন্য এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ গুরুত্বসহকারে যাচাই করার জন্য দায়িত্বরত/ পরিদর্শনকারী কর্মকর্তাকে পরামর্শ প্রদান করা হলো। | ১। সরকারি রাজস্ব আদায়ের স্বার্থে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে আইনানুগ পদ্ধতি অনুসরণপূর্বক অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করার কার্যক্রম গ্রহণ করতে হবে এবং কোন হোল্ডিং তামাদি হওয়ার আগেই সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে।<br>২। প্রমাপ অনুযায়ী রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের ও নিষ্পত্তি করতে হবে।<br>৩। স্ব স্ব উপজেলার অনিষ্পন্ন রেন্ট সার্টিফিকেট মামলা নিষ্পত্তিতে অধিকতর মনোযোগী হওয়াসহ মাসিক নিষ্পত্তির লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।<br>৪। যে সকল ভূমি মালিকগণ দীর্ঘদিন যাবৎ ভূমি উন্নয়ন কর পরিশোধ করেননি তাদের তালিকা প্রস্তুতপূর্বক রেন্ট সার্টিফিকেট মামলা দায়ের করতে হবে এবং মামলা নিষ্পত্তির লক্ষ্যে ভূমি মালিককে যথাযথভাবে নোটিশ প্রদান করতে হবে।<br>৫। রেন্ট সার্টিফিকেট মামলাভূক্ত জমির নামজারী অনুমোদনের বিষয়ে সতর্ক থাকতে হবে এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহ পরিদর্শনকালে সংশ্লিষ্ট রেজিস্টারসমূহ হালনাগাদ করা আছে কিনা তা যাচাই করতে হবে।<br>৬। রেন্ট সার্টিফিকেট মামলাসমূহ নির্ধারিত তারিখে উপস্থাপিত হচ্ছে কিনা তা উপজেলা ভূমি অফিস পরিদর্শন কালে যাচাই করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>(৪-৬)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম ও সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

চলমান-১০

**রেন্ট সার্টিফিকেট মামলার বিবরণী: জুলাই, ২০২৪ মাস**

| উপজেলা | গতমাস পর্যন্ত অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | চলতি মাসে দায়ের কৃত মামলার দাবির টাকার পরিমাণ | মোট রেন্ট সাঃ মাঃ সংখ্যা (২+৩) | মোট রেন্ট সাঃ মাঃ দাবির টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মাঃ সংখ্যা | আদায় কৃত টাকার পরিমাণ | জুলাই/২৪ হতে চলতি মাস পর্যন্ত পুঞ্জিভূত আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তি কৃত রেন্ট সাঃ মামলার সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ |
| কুড়িগ্রাম সদর | ১৭ | ০০ | ০০ | ১৭ | ১২২৭৯৮ | ০১ | ৪১১০ | ৪১১০ | ১৬ | ১১৮৬৮৮ |
| নাগেশ্বরী | ০৫ | ০০ | ০০ | ০৫ | ৯৬৮৯৯ | ০১ | ৩৫৫০ | ৩৫৫০ | ০৪ | ৯৩৩৪৯ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০১ | ০০ | ০০ | ০১ | ১৫৯০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ১৫৯০০ |
| রাজারহাট | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| উলিপুর | ০৮ | ০০ | ০০ | ০৮ | ১০৭১৫৮ | ০০ | ০০ | ০০ | ০৮ | ১০৭১৫৮ |
| চিলমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০০ | ০১ | ১৫০৫ | ০১ | ১৫০৫ | ০১ | ১৫০৫ | ১৫০৫ | ০০ | ০০ |
| চর রাজিবপুর | ০১ | ০০ | ০০ | ০১ | ৩৭১৮৪৪ | ০০ | ০০ | ০০ | ০১ | ৩৭১৮৪৪ |
| সর্বমোট= | ৩২ | ০১ | ১৫০৫ | ৩৩ | ৭১৬১০৪ | ০৩ | ৯১৬৫ | ৯১৬৫ | ৩০ | ৭০৬৯৩৯ |

আলোচ্যসূচি ১৬: **জেনারেল সার্টিফিকেট মামলা সংক্রান্ত: জুলাই, ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জেনারেল সার্টিফিকেট আদালতগুলোতে মামলা দায়ের ও নিষ্পত্তির পরিসংখ্যান সভায় উপস্থাপন করা হয়। জেনারেল সার্টিফিকেট মামলার পরিসংখ্যানে দেখা যায় যে, জুলাই/২০২৪ মাস পর্যন্ত মোট অনিষ্পন্ন মোকদ্দমা ১৫৮৬ টি, দাবি =১৩৩৮৯০৬৭৮/০০ টাকা। জুলাই/২০২৪ মাসে মোট ৫ টি মামলা নিষ্পত্তি করা হয়েছে, আদায়কৃত টাকার পরিমাণ =১৫৫৮৯৪৩/০০ টাকা। মামলা পর্যালোচনা করে বাদীপক্ষের তদারকির অভাব পরিলক্ষিত হলে প্রয়োজনে যুক্তিসংগত বার সময় দিয়ে সরকারি দাবি আদায় আইন ১৯১৩ এর সংশ্লিষ্ট বিধানমতে মামলা খারিজ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। ব্যাংকের মামলার ক্ষেত্রে অনুপস্থিত থাকলে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট ব্যাংকের প্রধানকে পত্র দেয়ার পরামর্শ প্রদান করা হলো। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে গৃহীত বিশেষ উদ্যোগ অনুসারে ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হয়। | ১। সার্টিফিকেট মামলা নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে অনিষ্পন্ন মামলার সংখ্যা বিবেচনায় নিয়ে প্রমাপ অনুযায়ী নিষ্পত্তি ও তা নিয়মিতভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ এবং নিষ্পত্তি সংক্রান্ত মাসিক তথ্য প্রেরণ করতে হবে।<br>২। ১৫ বছর বা তার উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির স্বার্থে ব্যাংক/অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান/ পাওনাদার,খাতক ও আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বিত উদ্যোগ গ্রহণের মাধ্যমে ষান্মাসিক কর্মপরিকল্পনা গ্রহণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করত: মামলাসমূহ নিষ্পত্তির বিশেষ উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>৩। সরকারি দাবি আদায় আইন ১৯১৩ অনুযায়ী সরকারি পাওনা আদায়ের লক্ষ্যে অনিষ্পন্ন জেনারেল সার্টিফিকেট মামলাসমূহ হতে সপ্তাহে সুবিধামত ০১ দিন ধার্য করে প্রয়োজনে অতিরিক্ত সময়ে আদালত পরিচালনার মাধ্যমে প্রতিমাসে কমপক্ষে ০৫ টি মামলা নিষ্পত্তি করতে হবে।<br>৪। সার্টিফিকেট মামলার নিষ্পত্তি বৃদ্ধির লক্ষ্যে নথিসমূহ নিয়মিত উপস্থাপন ও নোটিশ যথাযথভাবে জারি করতে হবে ও দীর্ঘদিনের পেন্ডিং মামলায় লাল নোটিশ জারি করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার, কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম ও সংশ্লিষ্ট সকল।<br>(২-৩)। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল),কুড়িগ্রাম /জেনারেল সার্টিফিকেট অফিসার,কুড়িগ্রাম কালেক্টরেট, কুড়িগ্রাম। |

## জেনারেল সার্টিফিকেট মামলার বিবরণী: জুলাই, ২০২৪

| ক্র: নং | উপজেলা | চলতি মাসে দায়েরকৃত কেসের সংখ্যা | দাবিকৃত টাকার পরিমাণ | মোট জেনাঃ সার্টিঃ কেস সংখ্যা | মোট দাবিকৃত টাকার পরিমাণ | চলতি মাসে নিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেস সংখ্যা | আদায়কৃত টাকার পরিমাণ | মোট অনিষ্পত্তিকৃত জেনারেল সার্টিফিকেট কেসের সংখ্যা | মোট অনাদায়ী টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | জেলা প্রশাসকের কার্যালয় কুড়িগ্রাম | - | - | ২৩১ | ৪৩৯৫৯৯১৫/০০ | ০৮ | ৮২৫৩৪০/- | ২২৩ | ৪৩১৩৪৫৭৫/০০ |
| ২ | কুড়িগ্রাম সদর | - | - | ২৬৩ | ১৭১৭১১১৯/০০ | ১০১ | ৯৩১৫৬৬৪/- | ১৬২ | ৭৮৫৫৪৫৫/০০ |
| ৩ | নাগেশ্বরী | - | - | ৩০২ | ১৪২৭৫১৭২/০০ | ০৫ | ১২৭৮৮৫/- | ২৯৭ | ১৪১৪৭২৮৭/০০ |
| ৪ | ভূরুঙ্গামারী | - | - | ২০৯ | ২০৭৬০২৭৬/০০ | ৩৬ | ৫০২২৪১৮/- | ১৭৩ | ১৫৭৩৭৮৫৮/০০ |
| ৫ | ফুলবাড়ী | - | - | ৭২ | ৪৪৮৭৭৩৭/০০ | ২১ | ৪৩৭৮৭৯/- | ৫১ | ৪০৪৯৮৫৮/০০ |
| ৬ | রাজারহাট | - | - | ৮৮ | ৬৪৯৬৯৩৫/০০ | ১৩ | ৩৩৯৬৫৫/- | ৭৫ | ৬১৫৭২৮০/০০ |
| ৭ | উলিপুর | - | - | ২৫৪ | ১৪৯৯৮৫২/০০ | ০২ | ৬৮৪২০/- | ২৫২ | ১৪১৩১৪৩২/০০ |
| ৮ | চিলমারী | ০৫ | ১৫৫৮৯৪৩/০০ | ২৬৬ | ৩৯৫০৭৪৯/০০ | ০৭ | ১৯৩৪১/- | ২৫৯ | ৫৪৯০৩৫১/০০ |
| ৯ | রৌমারী | - | - | ৬৯ | ৭৮৬৭২৭১/০০ | - | - | ৬৯ | ৭৮৬৭২৭১/০০ |
| ১০ | চর রাজিবপুর | - | - | ২৫ | ৭২১৬৫২/০০ | - | - | ২৫ | ৭২১৬৫২/০০ |
|  | সর্বমোট | ০৫ | ১৫৫৮৯৪৩/০০ | ১৭৭৯ | ১৩৩৮৯০৬৭৮/০০ | ১৯৩ | ১৬১৫৬৬০২/- | ১৫৮৬ | ১৩৩৮৯০৬৭৮/০০ |

## আলোচ্যসূচি ১৭: **মিস মোকদ্দমা সংক্রান্ত: জুলাই,২০২৪**

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী ছক আকারে উপস্থাপন করেন:-

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী কমিশনার (ভূমি)(সকল), কুড়িগ্রাম এর নিকট হতে মিস কেস নিষ্পত্তি সংক্রান্ত প্রাপ্ত তথ্য সভায় বিস্তারিত আলোচনা করা হয়। ভূরুঙ্গামারী, রাজারহাট, চিলমারী, রৌমারী ও চর রাজিবপুর উপজেলায় মিস কেস নিষ্পত্তির হার কম হওয়ায় অসন্তোষ প্রকাশ করা হয়। সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তি না হওয়ার কারণে মিস কেসের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে মর্মে অভিমত ব্যক্ত করা হয়। সে প্রেক্ষিতে সঠিকভাবে নামজারী কেস নিষ্পত্তির উপর গুরুত্ব দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি)গণকে নির্দেশনা প্রদান ও মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার পরামর্শ প্রদান করা হলো। বিলুপ্ত ঘোষিত 'খ' তফসিলভুক্ত সম্পত্তির রেকর্ড সংশোধন সংক্রান্ত আবেদনসমূহ মালিকানার ধারাবাহিকতা, দখল ইত্যাদি বিবেচনায় নিয়ে দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং সংশোধিত খতিয়ানের কপি জেলা রেকর্ডরুমে প্রেরণ করতে সহকারী কমিশনার (ভূমি) গণকে নির্দেশ প্রদান করা হয়। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার জন্য উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হয়। | ১। সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা প্রণয়ন করে মাসওয়ারি লক্ষ্য নির্ধারণের মাধ্যমে অনিষ্পন্ন মিস কেসসমূহের নিষ্পত্তির হার দ্রুততম সময়ে সন্তোষজনক পর্যায়ে উন্নীত করতে হবে।<br>২। ত্রুটিপূর্ণ নামজারীর ফলে নামজারী মামলা হতে উদ্ভূত মিস কেসের সংখ্যা যেনো বৃদ্ধি না পায় সে জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>৩। বিলুপ্ত 'খ' তফসিলভুক্ত যে সম্পত্তির কোন দাবিদার নেই অথবা কোন মিসকেস দায়ের হয়নি উক্ত সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুতপূর্বক খাসকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। বিলুপ্ত 'খ' তালিকাভূক্ত সম্পত্তির সঠিকভাবে রেকর্ড সংশোধনের আদেশ দেয়া হয় কি না তা উপজেলা ভূমি অফিস পরিদর্শনকালে দৈবচয়নের ভিত্তিতে ২/১ টি নথি যাচাই/পরীক্ষা করতে হবে।<br>৫। মিস মোকদ্দমাগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য উপজেলা মাসিক রাজস্ব সভায় আলোচনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (১-৩)। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। সংশ্লিষ্ট সকল।<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

## মিস মোকদ্দমা সংক্রান্ত বিবরণী: জুলাই,২০২৪

| ক্র: নং | উপজেলার নাম | পূর্ববর্তি মাস পর্যন্ত অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা | চলতি মাসে দায়েরকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট মিস মোকদ্দমার সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | চলতি মাস পর্যন্ত নিষ্পত্তিকৃত মিস মোকদ্দমার সংখ্যা | মোট অনিষ্পন্ন মিস মোকদ্দমার সংখ্যা |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | কুড়িগ্রাম সদর | ৩২ | ২০ | ৫২ | ২৫ | ২৫ | ২৭ |
| ২ | নাগেশ্বরী | ৪৯ | ২১ | ৭০ | ০৬ | ০৬ | ৬৪ |
| ৩ | ভূরুঙ্গামারী | ৭৮ | ০২ | ৮০ | ১২ | ১২ | ৬৮ |
| ৪ | ফুলবাড়ী | ৩২ | ০৭ | ৩৯ | ০৩ | ০৩ | ৩৬ |
| ৫ | রাজারহাট | ৭১ | ০৬ | ৭৭ | ০৩ | ০৩ | ৭৪ |
| ৬ | উলিপুর | ৩১ | ০৯ | ৪০ | ১০ | ১০ | ৩০ |
| ৭ | চিলমারী | ৬২ | ০২ | ৬৪ | ০৩ | ০৩ | ৬১ |
| ৮ | রৌমারী | ১৭৫ | ০৪ | ১৭৯ | ০৮ | ০৮ | ১৭১ |
| ৯ | চর রাজিবপুর | ১৯ | ০৫ | ২৪ | ০৫ | ০৫ | ১৯ |
| সর্বমোট= |  | ৫৪৯ | ৭৬ | ৬২৫ | ৭৫ | ৭৫ | ৫৫০ |

আলোচ্যসূচি ১৮: রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: জুলাই/২০২৪

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম এর আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর সভায় গুরুত্বারোপ করা হয়। বর্তমানে অনিষ্পন্ন মামলা সংখ্যা ২০ টি। মামলাসমূহ নিষ্পত্তির লক্ষ্যে বিশেষ কর্মপরিকল্পনা গ্রহণ এবং আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। সকল উপজেলা ভূমি অফিসে অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানী অন্তে নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহত রাখতে সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হয়। | ১। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>২। আপিল দায়েরের সর্বোচ্চ ৩(তিন) মাসের মধ্যে আপিল নিষ্পত্তির সর্বোচ্চ প্রচেষ্টা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br>৩। অনলাইন মামলা শুনানী ব্যবস্থাপনা সহায়িকা অনুসরণে সকল উপজেলা ভূমি অফিসে প্রাপ্ত আবেদন অনলাইনে শুনানীঅন্তে নিষ্পত্তির ব্যবস্থা অব্যাহত রাখতে হবে। | (১-২)। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

রাজস্ব মামলা সংক্রান্ত বিবরণী: জুলাইু, ২০২৪

| ক্রঃ নং | বিগত মাসের জের | চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা | মোট মামলার সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | পেন্ডিং মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| কুড়িগ্রাম | ১৭ | ০৬ | ২৩ | ০৩ | ২০ | |

আলোচ্যসূচি ১৯: **অডিট সংক্রান্ত: জুলাই, ২০২৪**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভায় উপস্থাপিত প্রতিবেদন মতে এ জেলায় রাজস্ব প্রশাসনে জুলাই,২০২৪ মাস পর্যন্ত অনিষ্পন্ন মোট অডিট আপত্তির সংখ্যা ১২ টি এবং আপত্তির বিপরীতে জড়িত অর্থের পরিমাণ =১৩,৬৩,৭০০/- টাকা। যার উপজেলা ওয়ারী হিসাব বিবরণী নিম্নরূপ:- | ১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে প্রমাপ অনুযায়ী প্রতি মাসে অনিষ্পন্ন অডিট আপত্তিসমূর জবাব প্রেরণ করতে হবে।<br>২। সকল অডিট আপত্তির দ্রুত নিষ্পত্তিমূলক বক্ষমান জবাব প্রেরণ করতে হবে।<br>৩। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব) কর্তৃক খসড়া আপত্তিতে উল্লিখিত অর্থ দায়ী ব্যক্তিগণ যাতে সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করেন সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। পেন্ডিং আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে নিয়মিত দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠানের পাশাপাশি উপজেলা মাসিক রাজস্ব সভায় গুরুত্বের সাথে আলোচনা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি) (সকল) কুড়িগ্রাম।<br>(২-৩)। রেভিনিউ ডেপুটি কালেক্টর/ সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম।<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রাম। |

| উপজেলা | গত মাস পর্যন্ত আপত্তির সংখ্যা | চলতি মাসে প্রাপ্ত আপত্তি | চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তি | মোট অনিষ্পন্ন আপত্তির সংখ্যা | জড়িত টাকার পরিমাণ |
|---|---|---|---|---|---|
| জেলা প্রশাসকের কার্যালয় | ০২ | ০০ | ০০ | ০২ | ৭৮৩১০০ |
| কুড়িগ্রাম সদর | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| নাগেশ্বরী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ভূরুঙ্গামারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| ফুলবাড়ী | ০২ | ০০ | ০০ | ০২ | ১৫৯৫৬ |
| রাজারহাট | ০১ | ০০ | ০০ | ০১ | ১২৮৪৬ |
| উলিপুর | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৪১৩১৪১ |
| চিলমারী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| রৌমারী | ০৩ | ০০ | ০০ | ০৩ | ৭৯৩১৭ |
| চর রাজিবপুর | ০১ | ০০ | ০০ | ০১ | ৫৯৩৩০ |
| মোট= | ১২ | ০০ | ০০ | ১২ | ১৩৬৩৭০০ |

অডিট আপত্তির বিষয়ে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম সভায় অবহিত করেন জুলাই ২০২৪ মাস পর্যন্ত মোট ২৫ (পঁচিশ) টি অডিট আপত্তির বক্ষমান জবাব বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ করা হয়েছে এবং ২৩ (তেইশ) টি নিষ্পত্তিমূলক বক্ষমান জবাব এ কার্যালয়ে পাওয়া গেছে। যে সকল অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিযোগ্য তার বস্তুনিষ্ঠ জবাব ও প্রতিবেদনের প্রয়োজনীয় সংখ্যক কপিসহ অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রাদি অবিলম্বে প্রস্তুতপূর্বক প্রেরণের জন্য সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে উদ্যোগ গ্রহণের জন্য অনুরোধ করা হলো। অডিট আপত্তি নিষ্পত্তির হার সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার(সকল), কুড়িগ্রাম /সহকারী কমিশনার (ভূমি) (সকল),কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়। প্রতিমাসে যে উপজেলা হতে অডিট আপত্তির ব্রডশিট জবাব পাওয়া যায়, সে সমস্ত ব্রডশিট জবাবের সংখ্যা সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হলো। বিষয়টি সঠিকভাবে মনিটরিং করার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রামকে পরামর্শ প্রদান করা হয়।

আলোচ্যসূচি ২০: **অবমূল্যায়ন মামলা সংক্রান্ত: জুলাই, ২০২৪**

| | | |
|---|---|---|
| অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),কুড়িগ্রাম এর আদালতে অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির উপর সভায় গুরুত্বারোপ করা হয়। অনিষ্পন্ন অবমূল্যায়ন মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রামকে তৎপরতা বৃদ্ধিকল্পে মাসিক নিষ্পত্তির ক্ষেত্রে লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে পরামর্শ প্রদান করা হলো। | অনিষ্পন্ন অবমূল্যায়ন মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রামকে মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম। |

অবমূল্যায়ন মামলা সংক্রান্ত বিবরণী: জুন, ২০২৪

| জুন/২০২৪ মাস | | | জুলাই/২০২৪ মাস | | |
|---|---|---|---|---|---|
| মোট মামলা সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মোট মামলা সংখ্যা | নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | অনিষ্পত্তিকৃত মামলার সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৬৬১ | ১৬৬১ | ০০ | ০০ | ০০ | ০০ |

আলোচ্যসূচি ২১: **বিবিধ:**

দাপ্তরিক কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা হতে প্রেরিত মাসিক রিপোর্ট- রিটার্ন ও মাসিক রাজস্ব সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতিমাসের নির্ধারিত সময়ের মধ্যে এ কার্যালয়ের রাজস্ব শাখায় পৌঁছানো নিশ্চিত করার বিষয়ে আলোচনা করা হয়। ভূমি সেবা প্রদানের ক্ষেত্রে পরিলক্ষিত ত্রুটি/সমস্যাদি দূরীকরণার্থে আরও স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধিসহ গুণগত ও মানোন্নয়নের লক্ষ্যে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) মন্ত্রিপরিষদ বিভাগ, মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখার স্মারক নং-০৪.৫১৩.০০.০০১.২০১০-৪৬৯, তারিখঃ ১২ জুন ২০১৬ খ্রি. তারিখের জারীকৃত পত্রের নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক ভূমি সংস্কার বোর্ডের ফরমেট মোতাবেক বার্ষিক কর্মপরিকল্পনার আলোকে প্রমাপ অনুযায়ী নিজ কার্যালয়সহ অধীনস্থ ইউনিয়ন ভূমি অফিসসমূহ দর্শন/ পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুড়িগ্রাম/সহকারী কমিশনার (ভূমি) (সকল), কুড়িগ্রামকে অনুরোধ করা হলো।

(২) ২০২৪-২০২৫ অর্থবছরে পরিত্যক্ত সম্পত্তির দাবি সঠিকভাবে নির্ধারণপূর্বক দাবির শতভাগ আদায়ে সর্বোচ্চ তৎপরতা প্রদর্শন এবং দৃশ্যমান অগ্রগতি করার জন্য সহকারী কমিশনার(ভূমি),কুড়িগ্রাম সদর,কুড়িগ্রাম ও নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রামকে অনুরোধ করা হলো। পরিত্যক্ত সম্পত্তির দাবি ও আদায় জোরদার করতে তাগিদ দেয়ার জন্য সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর,কুড়িগ্রামকে নির্দেশনা প্রদান করা হলো।

(৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে সকল কাজ সম্পন্ন করলে সূচকের মান বৃদ্ধিসহ লক্ষ্যমাত্রা অর্জিত হবে এবং কুড়িগ্রাম জেলা রাজস্ব প্রশাসনের ভাবমূর্তি উজ্জল হবে। সে লক্ষ্যে ভূমি উন্নয়ন কর আদায়, প্রমাপ অনুযায়ী উপজেলা /ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন, মিস মোকদ্দমা, নামজারী ও জমাভাগ মোকদ্দমা, রেন্ট সার্টিফিকেট মোকদ্দমা নিষ্পত্তিসহ সকল কার্যাদি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সাথে সামঞ্জস্য রেখে নিষ্পত্তি করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

কুড়িগ্রাম জেলার রাজস্ব প্রশাসনের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তাগণকে তাদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করার জন্য অনুরোধ জানানো হয়। সেবা প্রদানকালে জনগণ যেনো ভোগান্তির শিকার না হয় সে বিষয়ে সর্বাগ্রে খেয়াল রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো। পরিশেষে আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলের মূল্যবান পরামর্শ ও মতামত প্রদানের জন্য ধন্যবাদ জানিয়ে গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ প্রতিপালনের অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


স্বাক্ষরিত/-
(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২২ (অঃ)
ফ্যাক্সঃ ০২৫৮৯৯-৫০০২৩ (অঃ)
ই-মেইল: dckurigram@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নম্বর-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.১৮. ৯০৮১ (৯০)

তারিখ: ১৮ ভাদ্র, ১৪৩১
০৩ আগষ্ট,২০২৪

অনুলিপি সদয় অবগতি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)/অবগতি ও কার্যার্থে (প্রযোজ্য ক্ষেত্রে):

১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। উপ-ভূমি সংস্কার কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জোনাল সেটেলমেন্ট অফিসার, রংপুর অঞ্চল,রংপুর।
৬। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)(রাজস্ব)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
৭। উপজেলা নির্বাহী অফিসার.........................................(সকল), কুড়িগ্রাম।
৮। আরডিসি/জিসিও/ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
৯। জেলা রেজিস্ট্রার,কুড়িগ্রাম।
১০। সহকারী কমিশনার (ভূমি).........................................,(সকল), কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার ....................................................শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম।
১২। সহকারী কমিশনার (আইসিটি),জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম (কার্যবিবরণীটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধসহ)।
১৩। ..................................................................................., কুড়িগ্রাম।
১৪। সহকারী সেটেলমেন্ট অফিসার,.....................................,(সকল), কুড়িগ্রাম।
১৫। বিজ্ঞ সরকারি কৌসুলি,কুড়িগ্রাম।
১৬। বিজ্ঞ ভিপি কৌসুলি, কুড়িগ্রাম।
১৭। হিসাব তত্ত্বাবধায়ক (রাজস্ব),ভূমি মন্ত্রণালয়, কুড়িগ্রাম।
১৮। অফিস কপি।

জেলা প্রশাসক
কুড়িগ্রাম